

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

জেলা ব্র্যান্ডিং বিষয়ে অংশীজনদের নিয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০২৪
সময় : দুপুর ১২:০০
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী

(সভায় উপস্থিত সকলের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নসহ তা যথাযথভাবে কার্যকর করার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি স্থানীয়ভাবে উৎপাদিত বিভিন্ন ধরনের পণ্য-সামগ্রী এবং ভৌগোলিক স্বাতন্ত্র্যের ভিত্তিতে জেলা ব্র্যান্ডিংয়ের উপর গুরুত্ব তুলে ধরেন। এ লক্ষ্যে তিনি উপস্থিত সকল কর্মকর্তা, ব্র্যান্ড/পারফটম সংশ্লিষ্ট উদ্যোক্তা, ব্যবসায়ী ও অন্যান্য ব্যক্তিবর্গসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর সভায় অংশীজনদের মতামত জানতে চাওয়া হলে তারা রাজবাড়ীতে জেলা ব্র্যান্ডিংয়ের বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	রাজবাড়ী জেলা ব্র্যান্ডিংয়ের অংশ হিসেবে জেলা ব্র্যান্ডিং সম্পর্কে সাধারণ জনগণের মাঝে সচেতনতা ও আগ্রহ তৈরির কোনো বিকল্প নেই। এ প্রেক্ষিতে সভাপতি এ সংক্রান্ত প্রচারণা সকলের মাঝে ছড়িয়ে দিতে এবং ব্র্যান্ডিংয়ের আলোকে রাজবাড়ী জেলার সার্বিক উন্নয়নে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।	১। জেলা ব্র্যান্ডিংয়ের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের বিশেষ কর্মসূচি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। জেলা ব্র্যান্ডিংয়ের আলোকে এ জেলার সার্বিক উন্নয়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ২। সংশ্লিষ্ট সকল
২	জেলা ব্র্যান্ডিংয়ের সাথে সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজনসহ উদ্যোক্তাদের প্রশিক্ষণ ও মোটিভেশন প্রদান এবং ব্র্যান্ডিং নেটওয়ার্ক স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	১। জেলা ব্র্যান্ডিংয়ের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে মতবিনিময় সভা/ প্রশিক্ষণের আয়োজন করতে হবে। ২। উদ্যোক্তাদের সমস্যা ও সম্ভাবনাসমূহ চিহ্নিত করে তাদের পর্যাপ্ত সহায়তা/পৃষ্ঠপোষকতা প্রদান করতে হবে। ৩। উদ্যোক্তা ও বাংলাদেশ	সংশ্লিষ্ট সকল

		সঙ্গে নিবিড় যোগাযোগ স্থাপন করতে হবে।	
৩	জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও কার্যকর করতে 'জেলা-ব্র্যান্ডিং কৌশল-২০১৭' অনুসরণপূর্বক ২০২৪ সাল থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য জেলা ব্র্যান্ডিং কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও কার্যকর করতে 'জেলা-ব্র্যান্ডিং কৌশল-২০১৭' অনুসরণপূর্বক ২০২৪ সাল থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য জেলা ব্র্যান্ডিং কর্মপরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী
৪	উদ্যোক্তাগণকে জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান এবং উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত পণ্যের ব্র্যান্ডিং কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উদ্যোক্তাগণকে জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান এবং উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত পণ্যের ব্র্যান্ডিং কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী

ফোনঃ- ০২-৪৭৮৮০৭৫৩৩


Email: dcrajbari@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৩০.৮২০০.০২৩.০১৮.১৩৬.২১.২৩৬ (ক)

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী
- ৮। -----
- ৯। সিনিয়র/সহকারী কমিশনার, -----শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
(কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)



জেলা প্রশাসক

রাজবাড়ী